

রাজশাহী বিশ্ববিদ্যালয়



নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৩/২০১৯ (সাধারণ)

তারিখ: ০৪/১২/২০১৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে তালিকাভুক্ত(প্যানেল) করণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আগামী ০৭/১২/২০১৯ তারিখ থেকে Online এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

(১) পরিচ্ছন্নতাকর্মী(মেথর), দৈনিকমজুরী: প্রচলিত হারে - ৪০ টি

উপর্যুক্ত পদে নিয়োগের জন্য অভিজ্ঞতা, আবেদন-ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ পাওয়া যাবে। আগামী ২০/১২/২০১৯ তারিখ বিকাল ৫:০০টার মধ্যে Online আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(ক) ন্যূনতম ৮ম শ্রেণী/জে.এস.সি./সমমান পাস হতে হবে।

(খ) প্রার্থীদের অবশ্যই হরিজন সম্প্রদায় ভুক্ত হতে হবে। এ সংক্রান্ত প্রমাণপত্র থাকতে হবে।

(গ) বয়স ন্যূনতম ১৮ বছর।

(ঘ) কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।

শর্তসমূহ:

- ১। আগ্রহী প্রার্থীগণকে www.ru.ac.bd সাইটের মাধ্যমে ০৭/১২/২০১৯ (সকাল ৯.০০টা) হতে ২০/১২/২০১৯ (বিকাল ০৫.০০ মিনিট) তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের নিয়মাবলী এবং নিয়োগদান পদ্ধতির বিস্তারিত বিবরণ ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ২। আবেদনপত্রের প্রয়োজনীয় ফি ২৫০.০০ টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে প্রদানপূর্বক প্রাপ্ত Transaction ID ব্যবহার করে আবেদন করা যাবে। প্রার্থীর ছবিসহ ও স্বাক্ষরসহ অন্যান্য তথ্য সঠিক ভাবে প্রদানের মাধ্যমে আবেদন সম্পন্ন করলে Application ID সম্বলিত ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট নিয়ে প্রার্থী তা সংরক্ষণ করবেন। পরবর্তীতে Transaction ID ও Application ID ব্যবহার করে ওয়েবসাইট সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। প্রার্থীর ছবি 300×4০০ পিক্সেল সাইজের JPG ফরমেটে হবে এবং এর ফাইল সাইজ 100KB এর বেশি হবে না। স্বাক্ষরের ক্ষেত্রে 300×৪০ পিক্সেল সাইজের JPG ফরমেটে হবে এবং এর ফাইল সাইজ 60KB এর বেশি হবে না।
- ৩। অসত্য/ভুয়া তথ্যসংবলিত/ক্রেটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে-কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রামাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।
- ৫। প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেওয়া হবে না। প্রার্থীদের সাথে সকল প্রকার যোগাযোগ SMS ও ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হবে।

(প্রফেসর এম.এ বারী)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়।